দৈনিক সংবাদ

তারিখ 28 JUL 1997
পৃষ্ঠা ৭ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ফি'র হার কমানো হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ধিত ফি কমানো হয়েছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয় ঃ গত ২৬শে জুন অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় বিভিন্ন ক্ষেত্রে নতুন ফি ধার্য এবং কয়েকটি ক্ষেত্রে ফি'র হার বাড়ানোর সিদ্ধান্ত হয়। এ সিদ্ধান্ত

ফি ঃ পৃঃ ১২ কঃ ৮

## ফি ঃ কমানো হয়েছে

(১ম পৃষ্ঠার পর)

অনুযায়ী মানবিক শাখায় শেষ পর্বের একজন আবাসিক ছাত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সময় বার্ষিক বেতন ও অন্যান্য ফি সহ সর্বমোট ২ হাজার ৬২০ টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে বিভিন্ন ছাত্র সংগঠনের সাথে আলোচনার প্রেক্ষিতে এবং এরপর গত ২৩শে জুলাই অনুষ্ঠিত সিন্ডিকেটের অপর বৈঠকে এ বর্ধিত ফি'র পরিবর্তন করে কিছুটা কমানো হয়। সে অনুযায়ী এই ফিসের বর্তমান পরিমাণ ১ হাজার ৯৮০ টাকা। এছাড়া বিজ্ঞান, জীব বিজ্ঞান ও ফার্মেসী অনুষদভুক্ত ছাত্রদের ক্ষেত্রে কেবল পরীক্ষার ফি সামান্য বেশি। বর্তমান সিদ্ধান্ত অনুসারে একজন ছাত্রের আগের চেয়ে বাৎসরিক চার্জ বৃদ্ধি পাচ্ছে ১৪০ টাকা। এর মধ্যে রয়েছে গ্রন্থাগার ফি ৫০ টাকা, ছাত্র কল্যাণ ফি ২০ টাকা এবং গ্রন্থাগার উন্নয়ন ফি ৭০ টাকা।

সিদ্ধান্ত অনুযায়ী আবাসিক ছাত্রছাত্রীদের সিট রেন্ট ঃ এক সিট বিশিষ্ট কক্ষ মাসিক ৮ টাকা থেকে ১৫ টাকা, দুই সিট বিশিষ্ট কক্ষের প্রতি সিট ৭ টাকা থেকে ১০ টাকা এবং তিন/চার সিট বিশিষ্ট কক্ষের প্রতি সিট ৬/৫ টাকা থেকে মাত্র ৮ টাকা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বর্তমান সিদ্ধান্ত অনুসারে ছাত্র বেতনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বাৎসরিক ফি যেমন ঃ কোর্স পরীক্ষার ফি, বিশ্ববিদ্যালয় ইউনিয়ন ফি, খেলাধুলা ফি, রেজিস্ট্রেশন ফি, ভর্তি ফরম ফি, হেলথ কার্ড ফি, পরিবহন ফি, সেশন ফি ইত্যাদি সবই অপরিবর্তিত রয়েছে।